

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ০২/০১/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।  
তারিখ : ০২/০১/২০২২ খ্রিঃ।  
সময় : ১০.০০ ঘটিকা।  
স্থান : মবক'র সভা কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ১৪/১১/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হাস। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	ক) i) মবক'র অনিষ্পন্ন অডিট আপত্তির নিষ্পত্তির বিষয়ে ০৯/১২/২১ খ্রিঃ তারিখে ০১টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয় হতে গত ০৮/১১/২০২১ তারিখে পত্র পাওয়া যায়। পরবর্তীতে নৌপমের পত্র নং-৩৪৪, তারিখঃ ০৭/১২/২১ মূলে সভাটি অনিবার্য কারণ বশত স্থগিত করা হয়েছে। ii) প্রশাসন বিভাগ সংশ্লিষ্ট ২০১৬-১৭ সনের অনুচ্ছেদ নং-১৫ (অগ্রিম) এর বিষয়ে পরিবহন অডিট অধিদপ্তরের পত্র নং ৬৬৮ তাং ১৬/১১/২০২১ খ্রিঃ মূলে নিষ্পত্তি পত্র পাওয়া গেছে; যাতে জড়িত টাকার পরিমাণ ১,১০,০০০/- টাকা। প্রধান নিরীক্ষা কর্মকর্তা জানান যে, ১২টি অডিট আপত্তির জবাব প্রস্তুত করা হয়েছে কিন্তু মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি। মোট ২০টি আপত্তির জবাব প্রস্তুত করে আগামী ১৫/০১/২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। খ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে যথাক্রমে পত্র নং- ৮২৬, তাং- ১৩/১০/২১ এবং পত্র নং- ০২ তাং-১৫/১১/২১ খ্রিঃ মূলে সংশ্লিষ্ট বিভাগ বরাবরে তাগাদা পত্র জারী করা হয়েছে; তদপ্রেক্ষিতে সিভিল ও ট্রাফিক বিভাগ হতে স্বয়ংসম্পূর্ণ জবাব এবং যান্ত্রিক ও তড়িৎ বিভাগ হতে অসম্পূর্ণ জবাব পাওয়া গেছে। উল্লেখ্য, অন্যান্য বিভাগ হতে নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এ বিষয়ে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত আছে।	ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারীর বিষয়টি ত্বরান্বিত করতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা          প্রধান নিরীক্ষা কর্মকর্তা
২.	মোংলা পোর্ট পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা। এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০	ক) পৌরসভার সাথে পরবর্তী সভায় আলোচনাপূর্বক নীতিমালাটি অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। খ) ট্রাক-টার্মিনালের দোকান ভাড়া সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। নীতিমালাটি বোর্ড সভায় অনুমোদিত হলে ট্রাক-টার্মিনালের দোকান ভাড়ার হিসাব চূড়ান্ত করা হবে।	ক) চলতি সপ্তাহের মধ্যে পৌর ট্রাক টার্মিনাল বিষয়ে সভা আহ্বান করতে হবে। খ) সংশোধন সাপেক্ষে নীতিমালাটি বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। পরবর্তীতে অনুমোদিত হলে পরিচালনা কমিটি কর্তৃক দোকান ভাড়ার হিসাব চূড়ান্ত করতে হবে।	পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ)